

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
আগারগাঁও, ঢাকা

সংবাদ বিজ্ঞপ্তি

৩১ মার্চ ২০১৮

আগামী ১৫ মে তারিখ ২০১৮ গাজীপুর এবং খুলনা সিটি কর্পোরেশনের নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন কমিশন আজ এ দুটি সিটি কর্পোরেশন নির্বাচনের বিস্তারিত তফসিল ঘোষণা করেছে।

বিস্তারিত সময়সূচিঃ

মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১২ এপ্রিল ২০১৮, বৃহস্পতিবার
দাখিলকৃত মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৫-১৬ এপ্রিল ২০১৮, রবিবার ও সোমবার
মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ	:	২৩ এপ্রিল ২০১৮, সোমবার
প্রতীক বরাদ্দের তারিখ	:	২৪ এপ্রিল ২০১৮, মঙ্গলবার
ভোট গ্রহণের তারিখ	:	১৫ মে ২০১৮, মঙ্গলবার

আগামী সেপ্টেম্বর ২০১৮ মাসের মধ্যে গাজীপুর এবং খুলনা সিটি কর্পোরেশনের মেয়াদ উত্তীর্ণ হচ্ছে। স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর সংশ্লিষ্ট ধারা অনুসারে মেয়াদ উত্তীর্ণের পূর্ববর্তী ছয় মাসের মধ্যে সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠান করতে হয়। সে অনুযায়ী গাজীপুর সিটি কর্পোরেশন ০৮ মার্চ ২০১৮ তারিখ থেকে নির্বাচনযোগ্য হয়েছে এবং ০৪ সেপ্টেম্বর ২০১৮ তারিখের মধ্যে নির্বাচন সম্পন্ন করতে হবে। একই বিধান অনুসারে খুলনা সিটি কর্পোরেশন ৩০ মার্চ ২০১৮ তারিখ থেকে নির্বাচনযোগ্য হয়েছে এবং ২৫ সেপ্টেম্বর ২০১৮ তারিখের মধ্যে নির্বাচন সম্পন্ন করতে হবে।


আগামী ০২ এপ্রিল ২০১৮ তারিখে এইচএসসি ও সমমানের সকল পরীক্ষা শুরু হবে যা ১৪ মে ২০১৮ তারিখে শেষ হবে। ২৩ মে ২০১৮ তারিখে ব্যবহারিক পরীক্ষা শেষ হবে। এছাড়া চাঁদ দেখা সাপেক্ষে ১৭ মে ২০১৮ তারিখ পবিত্র রমজান মাস শুরু হবে এবং ১৬ বা ১৭ জুন ২০১৮ তারিখে ঈদ-উল-ফিতর। উল্লিখিত বিষয়সমূহ বিবেচনা করে নির্বাচন কমিশন আগামী ১৫ মে ২০১৮ মঙ্গলবার ভোট গ্রহণের দিন নির্ধারণ করে গাজীপুর এবং খুলনা সিটি কর্পোরেশনের নির্বাচনের বিস্তারিত তফসিল চূড়ান্ত করেছে।

গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন পরিচালনার জন্য জনাব রকিব উদ্দিন মন্ডল, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা কে রিটানিং অফিসার এবং খুলনা সিটি কর্পোরেশন নির্বাচন পরিচালনার জন্য জনাব মোঃ ইউনুচ আলী, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা কে রিটানিং অফিসার নিয়োগ করা হয়েছে।

৫৭টি সাধারণ ও ১৯টি সংরক্ষিত ওয়ার্ড নিয়ে গাজীপুর সিটি কর্পোরেশন গঠিত। গাজীপুর সিটি কর্পোরেশনে ভোটার ভোটার সংখ্যা ১১ লক্ষ ৬৪ হাজার ৪২৫ জন। এর মধ্যে পুরুষ ৫ লক্ষ ৯১ হাজার ১০৭ এবং মহিলা ৫ লক্ষ ৭৩ হাজার ৩১৮ জন।

৩১টি সাধারণ এবং ১০টি সংরক্ষিত ওয়ার্ড নিয়ে খুলনা সিটি কর্পোরেশন গঠিত। খুলনা সিটি কর্পোরেশনে ভোটার সংখ্যা ৪ লক্ষ ৯৩ হাজার ৪৫৪ জন। এর মধ্যে পুরুষ- ২ লক্ষ ৪৮ হাজার ৯৭৮ এবং মহিলা ২ লক্ষ ৪৪ হাজার ৪৭৬ জন।

উল্লিখিত নির্বাচন ছাড়াও আগামী অক্টোবর ২০১৮ মাসের মধ্যে সিলেট, রাজশাহী এবং বরিশাল সিটি কর্পোরেশন এর মেয়াদ উত্তীর্ণ হবে। পবিত্র রমজানের পর এসব সিটি কর্পোরেশনের নির্বাচন অনুষ্ঠান করা নিয়ে কমিশন সিদ্ধান্ত গ্রহণ করবে।



এস এম আসাদুজ্জামান
যুগ্মসচিব (জনসংযোগ)
ফোন: ৫৫০০৭৫২০